দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV 21 2002

# ২০০৩ সালের এসএসসি পরীক্ষার অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে

২০০৩ সালের এসএসসি পরীক্ষার সময় ঘনিয়ে আসছে। দেশের সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে নির্বাচনী পরীক্ষা শেষ হয়ে এসএসসি পরীক্ষার বোর্ড ফি আদায় শুরু হয়েছে। কিছু বিদ্যালয় ইতিমধ্যে চৌদ্দ-পনেরো শ'টাকা ফি ধার্য করেছে। কোনো কোনো স্কুলে ম্যানেজিং কমিটির সদস্যদের দিয়ে ফি নির্ধারণের চেষ্টা চলছে। বিভিন্ন বাহানায় নির্ধারিত ফি-এর দ্বিগুণ, তিনগুণ ফি আদায়ের চেষ্টা করা হচ্ছে। এ অবস্থায় অনেক গরীব অভিভাবকের অবস্থা শোচনীয়। বিগত বছরের এসএসসি-তে অকৃতকার্যরা এবছর পরীক্ষা দিতে পারিবে। তাদের ফি নির্ধারণ নিয়েও অস্পষ্টতা রয়েছে। প্রসঙ্গত শিক্ষা প্রতিমন্ত্রীর একটি কথা মনে পড়ছে। গত এসএসসি পরীক্ষার প্রাক্কালে মাননীয় মন্ত্রী বলেছিলেন এসএসসি পরীক্ষায় অতিরিক্ত ফি আদায় করলে সংশ্লিষ্ট স্কুলের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বাস্তবে কী ব্যবস্থা নেয়া হয়েছে তা অনেকেই জানেন না। এ অবস্থায় এসএসসি পরীক্ষার বোর্ডের নির্ধারিত ফি ও বিগত পরীক্ষায় অকৃতকার্যদের কত টাকা ফি দিতে হবে তা পত্রিকার মাধ্যমে অবহিতকরণসহ অতিরিক্ত ফি আদায় করলে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে তরিৎ ব্যবস্থা গহণ করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি আবেদন রাখতে চাই। সেটা হলো দেশের প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যদের যোগ্যতা কমপক্ষে এসএসসি নির্ধারণ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হোক যাতে করে সরকার ঘোষিত শিক্ষানীতির সফল বাস্তবায়ন সম্ভব হয়।

মোঃ আলম সরকার,
গ্রাম ও ডাকঘর: রাজামেহার,
উপজেলা: দেবিদ্বার, জেলা: কুমিল্লা।